# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সূরা বাকারার শেষ দুই আয়াত পাঠ করবে, সেটি তার জন্য যথেষ্ট হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْآيَتَيْنِ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ تَكْفِيَانِ لِمَنْ قَرَأَهُمَا

---

আরবী

778 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا حَامِدُ بْنُ يَحْيَى الْبَلْخِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ قَالَ: لَقِيتُ أَبَا مَسْعُودٍ فِي الطَّوَافِ فَسَأَلْتُهُ عَنْهُ فَحَدَّثَنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:
(مَنْ قَرَأَ الْآيَتَيْنِ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ فِي لَيْلَةٍ كَفَتَاهُ)
الراوي : أَبُو مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 778 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৭৭৮. আব্দুর রহমান বিন ইয়াযিদ বলেন, আমি আবূ মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে তাওয়াফের সময় সাক্ষাৎ করি। অতঃপর আমি তাঁকে এই সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি রাতে সূরা বাকারার শেষ দুই আয়াত পাঠ করবে, সেটাই তার জন্য যথেষ্ট হবে।“[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১২২; সহীহ আল বুখারী: ৫০০৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৯৯; আত তায়ালিসী: ২/১০; সহীহ মুসলিম: ৮০৭; আবূ দাউদ: ১৩৯৭; তিরমিযী: ২৮৮১; ইবনু মাজাহ: ১৩৬৯; দারেমী: ১/৩৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৬৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89281

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন